

# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 17 July, 2025

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের শ্রীনগরে পৃথক ২ দুর্ঘটনায় অন্তত ৮ জন আহত হয়েছে। বৃহস্পতিবার (১৭ জুলাই) সকাল এই পৃথক ২ দুর্ঘটনা ঘটে। বৃহস্পতিবার (১৭ জুলাই) সকাল ৭টার দিকে এক্সপ্রেসওয়ের কামারখোলা ব্রিজের ঢালে মুরগিবাহী একটি চলন্ত পিকআপ ভ্যান নিয়ন্ত্রণ হারিয়ে সড়কে উল্টে যায়। পিকআপের চালক ও হেলপার ভিতর থেকে বেরিয়ে আসার পর গাড়িতে আগুন ধরে যায়। খবর পেয়ে দ্রুত শ্রীনগর ফায়ার সার্ভিস ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনে। তার কিছুক্ষণ পর একই স্থানে ঢাকামুখী ৩টি বাসের সংঘর্ষ বাঁধে। এতে বাসের বেশ কয়েকজন যাত্রী আহত হয়।

শ্রীনগর ফায়ার স্টেশন অফিসার দেওয়ান আজাদ হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, কামারখোলা ব্রিজের ঢালে ঢাকামুখী মুরগি বোঝাই চলন্ত পিকআপ ভ্যানটির গিয়ার বক্স গরম হয়ে চালকের সিটে আগুন ধরে গেলে গাড়িটি উল্টে যায়। তার আধঘন্টা পর একই স্থানে দ্রুতগতির দোলা পরিবহণের একটি যাত্রীবাহী বাস সড়ক রেলিংয়ের সাথে ধাক্কা দেয়। এতে পিছনে থাকা পূর্বসা ও চন্দ্রা পরিবহণের ২টি বাস একটি আরেকটির সাথে ধাক্কা লাগে। এ ঘটনায় অন্তত ৮ জন যাত্রী আহত হন। হাঁসাড়া হাইওয়ে থানার অফিসার ইনচার্জ আব্দুল কাদের জিলানী জানান, মুরগির পিকআপের চালক ও হেলপার নিরাপদে বেরিয়ে আসে। বাস সংঘর্ষের ঘটনায় আহত কয়েকজন যাত্রী প্রাথমিক চিকিৎসা নিয়ে চলে গেছে। গাড়িগুলো হাইওয়ে থানা পুলিশের হেফাজতে রাখা হয়েছে। সড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে। এ ঘটনায় আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের শ্রীনগরে পৃথক ২ দুর্ঘটনায় অন্তত ৮ জন আহত হয়েছে। বৃহস্পতিবার (১৭ জুলাই) সকাল এই পৃথক ২ দুর্ঘটনা ঘটে। বৃহস্পতিবার (১৭ জুলাই) সকাল ৭টার দিকে এক্সপ্রেসওয়ের কামারখোলা ব্রিজের ঢালে মুরগিবাহী একটি চলন্ত পিকআপ ভ্যান নিয়ন্ত্রণ হারিয়ে সড়কে উল্টে যায়। পিকআপের চালক ও হেলপার ভিতর থেকে বেরিয়ে আসার পর গাড়িতে আগুন ধরে যায়।

খবর পেয়ে দ্রুত শ্রীনগর ফায়ার সার্ভিস ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনে। তার কিছুক্ষণ পর একই স্থানে ঢাকামুখী ৩টি বাসের সংঘর্ষ বাঁধে। এতে বাসের বেশ কয়েকজন যাত্রী আহত হয়।

শ্রীনগর ফায়ার স্টেশন অফিসার দেওয়ান আজাদ হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, কামারখোলা ব্রিজের ঢালে ঢাকামুখী মুরগি বোঝাই চলন্ত পিকআপ ভ্যানটির গিয়ার বক্স গরম হয়ে চালকের সিটে আগুন ধরে গেলে গাড়িটি উল্টে যায়। তার আধঘন্টা পর একই স্থানে দ্রুতগতির দোলা পরিবহণের একটি যাত্রীবাহী বাস সড়ক রেলিংয়ের সাথে ধাক্কা দেয়। এতে পিছনে থাকা পূর্বসা ও চন্দ্রা পরিবহণের ২টি বাস একটি আরেকটির সাথে ধাক্কা লাগে। এ ঘটনায় অন্তত ৮ জন যাত্রী আহত হন।

হাঁসাড়া হাইওয়ে থানার অফিসার ইনচার্জ আব্দুল কাদের জিলানী জানান, মুরগির পিকআপের চালক ও হেলপার নিরাপদে বেরিয়ে আসে। বাস সংঘর্ষের ঘটনায় আহত কয়েকজন যাত্রী প্রাথমিক চিকিৎসা নিয়ে চলে গেছে। গাড়িগুলো হাইওয়ে থানা পুলিশের হেফাজতে রাখা হয়েছে। সড়কে যান চলাচল স্বাভাবিক রয়েছে। এ ঘটনায় আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:33

URL: <https://timestodaybd.com/public/dhaka/4916831124>